চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-২২ এপ্রিল ২০১৮ খ্রি.

পরিচয়পত্র ছাড়া আমদানিকৃত পণ্যসামগ্রী পরিবহনে তুলে দেয়া ঝুঁকিপূর্ণ-- সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আইন-কানুন ও নিয়ম মেনে রাস্তায় পণ্যবাহী ট্রাক ও কাভার্ডভ্যান চলবে। সে কারণেই ব্যবস্থাপনায় নিয়োজিতদের পরিচয় আইন প্রয়োগকারীদের জানা দরকার। এ লক্ষে পরিচয়পত্র প্রদান করা হলো। তিনি বলেন, পরিচয়পত্র ছাড়া আমদানিকৃত পণ্যসামগ্রী পরিবহনে তুলে দেয়া ঝুঁকিপূর্ণ। ঝুঁকি এড়াতেই সকলকে সচেতন হতে হবে। মেয়র বলেন, পণ্যবাহী ট্রাক ও কাভার্ডভ্যান রাস্তায় চলাচল করতে হলে লাইসেন্স করতে হবে। সিটি কর্পোরেশন সদয় হয়ে ১০ হাজার টাকার স্থলে ২ হাজার টাকার বিনিময়ে ট্রেড লাইসেন্স দেয়ার সিদ্ধান্ত নিয়েছে। অন্যথায় লাইসেন্স ছাড়া পণ্যবাহী ট্রাক ও কাভার্ডভ্যান রাস্তায় চলাচল করতে পারবে না। বিষয়টি গুরুত্বের সাথে আমলে নেয়ার জন্য পণ্যবাহী ট্রাক ও কাভার্ডভ্যান মালিকদের প্রতি আহবান জানান মেয়র। ২১ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার, সন্ধ্যায় নগরীর মাদারবাড়ী বালুর মাঠে পণ্য পরিবহন ট্রাক ও কাভার্ডভ্যান মার্কেট অপরাধ প্রতিরোধ কমিটির আয়োজনে এবং আন্ত:জিলা মালামাল পরিবহন সংস্থা ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতি, শ্রমিক ইউনিয়ন ও চট্টগ্রাম আন্ত:জিলা ট্রাক ও কাভার্ডভ্যান বন্দোবস্তকারী সমবায় সমিতির ব্যবস্থাপনায় পরিচয়পত্র প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ সব কথা বলেন। পণ্য পরিবহন ট্রাক ও কাভার্ডভ্যান মার্কেট অপরাধ প্রতিরোধ কমিটির আহবায়ক ও আন্ত:জিলা মালামাল পরিবহন সংস্থা ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতির সাধারণ সম্পাদক চৌধুরী জাফর আহমদ এর সভাপতিত্বে ও সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ সুফিউর রহমান টিপুর পরিচালনায় অনুষ্ঠিত পরিচয়পত্র বিতরণ অনুষ্ঠানে অতিরিক্ত পুলিশ কমিশনার আমেনা বেগম, উপ পুলিশ কমিশনার এস এম মোস্তাইন হোসেন, সড়ক ও জনপথ বিভাগ চট্টগ্রামের নির্বাহী প্রকৌশলী জুলফিকার আহমেদ, অতিরিক্ত উপ পুলিশ কমিশনার শাহ মো. আবদুর রউফ, সিএন্ডএফ এসোসিয়েশনের সভাপতি এ কে এম আকতার হোসাইন, কাউন্সিলর গোলাম মোহাম্মদ জোবায়ের, সদরঘাট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ নিজাম উদ্দিন, বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মঈনুল ইসলাম, আন্ত:জিলা মালামাল পরিবহন সংস্থা ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতির চেয়ারম্যান আলহাজ্ব মো. সিরাজুল হক, কো-চেয়ারম্যান আলহাজ্ব শওকত আলী, সভাপতি লতিফ আহাম্মদ, অপরাধ প্রতিরোধ কমিটির সভাপতি মো. সফিকুর রহমান সফি বক্তব্য রাখেন।

চট্টগ্রাম-২২ এপ্রিল ২০১৮ খ্রি.

১২জন মেধাবী শিক্ষার্থীকে টুম্পা স্মৃতি বৃত্তি প্রদান অনুষ্ঠানে মেয়র শিক্ষার্থীদের ভাল ফলাফল অর্জন করার জন্য নিয়মিত পাঠদানে মনোনিবেশ করার আহ্বান

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত হোসেন আহম্মদ স্কুল এন্ড কলেজের ১২ জন মেধাবী শিক্ষার্থীকে ফৌজিয়া সুলতানা টুম্পা স্মৃতি বৃত্তি প্রদান করা হয়েছে। ২০১৬ সনে জিপিএ-৫ প্রাপ্ত ৫ জন এবং ২০১৭ সনের জিপিএ-৫ প্রাপ্ত ৭ জন শিক্ষার্থীকে এ বৃত্তি প্রদান করা হয়। প্রত্যেক শিক্ষার্থী এককালিন ৩ হাজার টাকা করে বৃত্তি পেয়েছে। ২১ এপ্রিল ২০১৮ খ্রি. শনিবার, দুপুরে অত্র স্কুল ক্যাম্পাসে এক অনুষ্ঠানে এ বৃত্তি প্রদান করা হয়। বৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে সভাপতিত্ব করেন ৮নং শুলকবহর ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ মোরশেদ আলম। বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সামসুদ্দোহা, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস জেসমিন পারভীন জেসী, অত্র শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির প্রতিষ্ঠাতা সভাপতি মিসেস হাসিনা মহিউদ্দিন, ভারপ্রাপ্ত সচিব ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, সহকারী কলেজ পরিদর্শক আবুল কাসেম মোহাম্মদ ফজলুল হক। স্বাগত বক্তব্য রাখেন অত্র শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ মিসেস রেহানা আক্তার খানম। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাহমুদুল হক, খয়রাতি মিয়া চৌধুরী, লিলি বড়–য়া, আনোয়ারা বেগম ও বেলায়েত হোসেন রোবায়েত সহ অন্যরা। মেয়র আ জ ম নাছির উদ্দীন শিক্ষা বৃত্তি প্রদান অনুষ্ঠানে বলেন, মেধাবী শিক্ষার্থীরা দেশের সম্পদ। তাদের মাধ্যমে দেশ ও জাতির সমৃদ্ধি আসবে। তিনি আশা করেন, সকল শিক্ষার্থীর তপস্যা থাকলে সকলেই ভাল ফলাফল অর্জন করতে সক্ষম হবে। মেয়র শিক্ষার্থীদের ভাল ফলাফল অর্জন করার জন্য নিয়মিত পাঠদানে মনোনিবেশ করার আহ্বান জানান। পরে মেয়র ১২ জন মেধাবী শিক্ষার্থীর হাতে টুম্পা মেধা বৃত্তির টাকা হস্তান্তর করেন।

চট্টগ্রাম-২২ এপ্রিল ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে বন্দর চেয়ারম্যানের সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে চট্টগ্রাম বন্দরের চেয়ারম্যান কমডোর জুলফিকার আজিজ (ই), পিএসসি, বিএন ২২ এপ্রিল ২০১৮ খ্রি. রবিবার, নগরভবনে মেয়র দপ্তরে সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে মেয়র আ জ ম নাছির উদ্দীন বন্দর ব্যবস্থাপনায় চেয়ারম্যানের কার্যক্রমের ভূয়ষি প্রশংসা করেন। তিনি বলেন, জনগণের সম্পদ, দেশের সম্পদ ও অর্থনীতির হৃদপিন্ড চট্টগ্রাম বন্দরের ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহীতা অনেকাংশে ফিরে এসেছে। তিনি আশা করেন, বন্দরের গতিশীলতা আরো বাড়বে এবং দেশের অর্থনীতিতে বন্দর আরো সহায়ক ভূমিকা রাখতে সক্ষম হবে। সাক্ষাতে বন্দর চেয়ারম্যান মেয়রের আশা ও প্রত্যাশা পূরণে

সর্বাতœক প্রচেষ্টা অব্যাহত রাখার অঙ্গীকার ব্যক্ত করেন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহাসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম-২২ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ডক্টরস এসোসিয়েশনের মিলনমেলায় মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ডক্টরস এসোসিয়েশনের মিলনমেলা গত ২১ এপ্রিল ২০১৮ খ্রি. রাতে সিনিয়র ক্লাবে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে চসিকে কর্মরত ১২০ জন ডাক্তার এবং তাদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। এ উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যদের মধ্যে বাংলাদেশ আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মহিবুল হাসান চৌধুরী নওফেল, উপ দপ্তর সম্পাদক বিপ্লব বড়ুয়া, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদ্দোহা, সিভিল সার্জন ডা. আজিজুর রহমান, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী, কনসালটেন্ট প্রীতি বড়ুয়া, ডা. ইমাম হোসেন রানাসহ অন্যরা বক্তব্য রাখেন। প্রধান অতিথি সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, ডাক্তারদের নিকট রোগীদের প্রত্যাশা অনেক বেশী। সৃষ্টিকর্তার পর রোগীদের একমাত্র ভরসার ঠিকানা ডাক্তার। ডাক্তারদের আচার-আচরণ ও ব্যবহারের উপর অনেক কিছু নির্ভর করে। তিনি আশা করেন, সকল ডাক্তার ধৈর্য্যরে সাথে রোগীদের চিকিৎসা করে তাদের মন জয় করতে সক্ষম হবেন। অনুষ্ঠান শেষে প্রীতিভোজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

চট্টগ্রাম-২২ এপ্রিল ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে সিঙ্গাপুর-ব্যাংকক মার্কেট দোকান মালিক সমিতির নবনির্বাচিত কমিটির মতবিনিময়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে নগরভবনে সম্মেলন কক্ষে ২১ এপ্রিল ২০১৮ খ্রি. তারিখে অনুষ্ঠিত নির্বাচনে নির্বাচিত সিঙ্গাপুর-ব্যাংকক মার্কেট দোকান মালিক সমিতির নবনির্বাচিত কমিটির নেতৃবৃন্দ মতবিনিময় করেন। মতবিনিময়ে নির্বাচিত কমিটির নেতৃবৃন্দ মেয়রের সাথে পরিচিত হন এবং তাদের মার্কেটের নানা বিষয়ে মেয়রের সহযোগিতা কামনা করেন। মেয়র নবনির্বাচিত কমিটিকে সিঙ্গাপুর-ব্যাংকক মার্কেট এর সুনাম ও সুখ্যাতি বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করার পরামর্শ দেন। এসময় প্রধান রাজস্ব কর্মকর্তা ও ভারপ্রাপ্ত সচিব ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, সিঙ্গাপুর-ব্যাংকক মার্কেট এর নবনির্বাচিত কমিটির সভাপতি আলহাজ্ব মো. রফিক মিয়া, সাধারন সম্পাদক আলহাজ্ব মো. নাজিম উদ্দিন, সিনিয়র সহ সভাপতি মো. আলী নেওয়াজ চৌধুরী, সহ সভাপতি মো. নুর আলম, প্যানেল পরিচালনা কমিটির চেয়ারম্যান এস এম ফরিদুল আলম,কো-চেয়ারম্যান জুলফিকার আলী ভুট্টো,এটিএম

শহীদুল ইসলাম টিপু, যুগ্ম সাধারন সম্পাদক মোহাম্মদ আইয়ুব, মো. রাশেদ ইকবাল চৌধুরী, অর্থ সম্পাদক মো. আবু সাঈদ, সহ অর্থ সম্পাদক মো. পারভেজ উদ্দিন, সাংগঠনিক সম্পাদক মো. সালাউদ্দিন আরিফ, প্রচার সম্পাদক মো. ইউসুফ আলী, দপ্তর সম্পাদক মো. খোরশেদুল আলম, ধর্ম সম্পাদক মো. বশির, কার্যকরী কমিটির সদস্য আবদুল্লাহ আল মামুন, মো. সালাউদ্দিন, আলমগীর মাহমুদ, নাছিম আলী নাসের ও মো. মনির হোসেন তাদের মতামত তুলে ধরেন।

চট্টগ্রাম- ২২ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৩৩ তম সাধারণ সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নির্বাচিত ৫ম পরিষদের ৩৩ তম সাধারণ সভা ২২ এপ্রিল ২০১৮খ্রি. রবিবার, সকালে কে বি আবদুছ ছত্তার মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় নির্বাচিত পরিষদের সাধারণ ওয়ার্ড ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর, অফিসিয়্যাল কাউন্সিলর, সিটি কর্পোরেশনের বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। চসিকের ভারপ্রাপ্ত সচিব ড.মুহম্মদ মুস্তাফিজুর রহমান এর উপস্থাপনায় অনুষ্ঠিত সাধারণ সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলোয়াত ও মুনাজাত করা হয়। সভায় বিগত সাধারন সভা থেকে আজকের দিন পর্যন্ত নগরীতে যারা মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। সভার সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, মাদক,সন্ত্রাস ও জঙ্গীবাদ জাতীয় জীবনে মারাত্মক হুমকি হিসেবে দেখা দিয়েছে। এদের নিয়ন্ত্রণ করা অতীব জরুরী। সে কারনে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরীর ৪১ টি ওয়ার্ডে জনমত গঠনের লক্ষে নাগরিক সমাবেশ ও কমিটি গঠন করছে। তিনি যে সকল ওয়ার্ডে নাগরিক সমাবেশ সমাপ্ত হয়েছে সে সকল ওয়ার্ডে মাদক ব্যবহারকারী ও বিক্রেতাদের তালিক প্রণয়ন এবং ৭ দিনের মধ্যে কমিটি গঠন সম্পন্ন করার পরামর্শ দেন। এছাড়াও সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাদক বিরোধী সভা সমাবেশ আয়োজন করে সচেতনতা সৃষ্টির আহবান জানান। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্থাবর সম্পত্তির পরিসংখ্যান বের করার জন্য ৩ মাস সময় বেধে দেন। যানজট নিরসনে এবং পবিত্র রমজানে রোজাদারদের পথ চলা সহজ করার জন্য ট্রাফিক পুলিশের সক্রিয় সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, বাস্তবতার নিরিখে আধুনিক যাত্রী ছাউনি তেরী, পার্কিং নিশ্চিত করা এবং পুরাতন যাত্রী ছাউনির নবায়ন বন্ধ রাখার সিদ্ধান্ত জানান। বিউটিফিকেশন কার্যক্রম জোরদার করার উপর গুরুত্বারোপ করেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রকৌশল বিভাগের কাজের গুরুত্ব তুলে ধরে বলেন, আগ্রহ ও সদিচ্ছা থাকলে অসম্ভবকে সম্ভব করা যায়। তিনি প্রকৌশল বিভাগে কর্মরত প্রকৌশলীদের আন্তরিকতা ও সদিচ্ছা কাজে লাগানোর পরামর্শ দেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের শিক্ষা কার্যক্রম বিষয়ে বলেন, নতুন ১৫ টি ভবন নির্মাণের জন্য শিক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও ভুক্ত নয় সে সকল শিক্ষা প্রতিষ্ঠান

এমপিও ভুক্তির জন্য তদবির করা এবং পাঠদানের অনুমতি সহ সকল ধরনের অনিয়ম দুর করার নির্দেশনা দেন।

মেয়র আ জ ম নাছির উদ্দীন বন্দরটিলা মাতৃসদন হাসপাতালকে কর্পোরেশনের আওতায় এনে পূর্ণাঙ্গরূপে পরিচালনা করা,মাদকাসক্তদের চিকিৎসার জন্য নিরাময় কেন্দ্র স্থাপনের বিষয়টি বিবেচনার পরামর্শ দেন। তিনি স্বাস্থ্য বিভাগকে আরো গতিশীল করারও আহবান জনান। সভায় গৃহিত প্রস্তাবে রাজস্ব খাতে জুলাই ২০১৭ হতে ডিসেম্বর ২০১৭ পর্যন্ত দাবী ও আদায় পর্যালোচনা করে পূর্ববর্তী দাবী সংশোধন পূর্বক বর্তমানে সাবেক হারে ৩শত ১১ কোটি ৫৭ লক্ষ ২২ হাজার ১ শত ৯০ টাকা দাবী নির্ধারন করা হয়।এছাড়াও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মালিকানাধীন ৪টি হাট বাজার ইজারা সর্বশেষ দরপত্র অনুযায়ী ইজারা দেয়ার সিদ্ধান্ত দেয়া হয়। চসিক একাদশ ও গ্রিন টিমকে আরো গতিশীল করা, খেলাধুলার মান বৃদ্ধি করা, ৪১ টি ওয়ার্ডে মাদক বিরোধী সভা সম্পন্ন করা, স্কুল ও কলেজে সচেতনতা মূলক প্রচারনা পরিচালনা, স্কুল ও কলেজের শিক্ষক সমš^য়ে গঠিত ৫ সদস্যের যাচাই বাছাই কমিটি অনুমোদন, শিক্ষা প্রতিষ্ঠান সমূহের অবকাঠামোগত উন্নয়ন সংক্রান্ত কমিটি অনুমোদন,আধুনিক পশু জবাইখানা স্থাপন, এলইডি বাতি প্রকল্পের পূর্ণাঙ্গ বাস্তবায়ন, ধর্ষন,নারী সহিংসতা ইত্যাদি বিষয়ে জনসচেতনতা সৃষ্টি,আসন্ন রমজানে ভোগ্যপণ্য ও নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য তালিকা প্রদর্শন ও বাজার মনিটরিং জোরদার,জাইকা'র নির্দেশিকা অনুযায়ী গাড়ী চালকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা সহ নানা আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন